

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০২১(আগরতলা, ১২।৯)
উদয়পুর, ১২ সেপ্টেম্বর, ২০১৭

উদয়পুরে নারী অধিকার বিষয়ক সেমিনার

উদয়পুরের ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতালের উদ্যোগে গত ৯ সেপ্টেম্বর রাজর্ষি অডিটোরিয়ামে মানসিক স্বাস্থ্য ও নারীর অধিকার বিষয়ক এক সচেতনতা মূলক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন মনিকা দত্ত রায়, মহিলা পুলিশের ডি.এস.পি মীনা দেববর্মা, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক নীরুমোহন জমাতিয়া প্রমুখ উপস্থিত ছিলেন। সেমিনারে বক্তব্য রাখতে গিয়ে ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন মনিকা দত্ত রায় বলেন, গার্হস্থ্য হিংসা একটি সামাজিক ব্যাধি। এই ব্যাধির মূলে রয়েছে পণ প্রথা। পণ প্রথার বিরুদ্ধে সোচ্চার হতে তিনি নতুন প্রজন্মকে নৈতিক শিক্ষায় শিক্ষিত হতে আহ্বান জানান। মহিলা পুলিশের ডি.এস.পি.মীনা দেববর্মা তার বক্তব্যে পুলিশের প্রয়াস কর্মসূচীর বিষয়ে বিস্তৃত ব্যাখ্যা করেন। স্বাগত ভাষণ দেন ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতালের মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা: দেবাশিস দাস। অনুষ্ঠানে পণ প্রথা বিরোধী একটি সচেতনতা মূলক নাটক পরিবেশন করেন উদয়পুরের লিটল ড্রামা গ্রুপের সদস্যরা।

This document was created by
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com